

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০১৮.০৫.১৮.০১৮.২০১১- ১২১৮


তারিখঃ ১৬/১১/২০১৬

বিষয় : মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব কিশোর রায় চৌধুরী মনির বিরুদ্ধে দায়েরকৃত মামলার তথ্যাদি প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসক, মৌলভীবাজার এর স্মারক নং- ৫৮৪, তারিখঃ ২৪/১০/২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব কিশোর রায় চৌধুরী মনির বিরুদ্ধে দায়েরকৃত মামলা সংক্রান্ত প্রাপ্ত তথ্যাদি সুস্পষ্টভাবে অনুধাবন করা যাচ্ছে না। মহামান্য হাইকোর্টের মামলার বিষয় উল্লেখ থাকলেও এতদসংক্রান্ত আরজি, আদেশের কপি ও মামলার সর্বশেষ অগ্রগতির তথ্যাদি অবহিত করা হয়নি। ফলে এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না।

এমতাবস্থায়, জুড়ী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব কিশোর রায় চৌধুরী মনির বিরুদ্ধে দায়েরকৃত মামলার তথ্যাদি (খানার মামলা নম্বর ও তারিখ, জিআর মামলা নম্বর, অভিযোগপত্র নম্বর ও তারিখ এবং বিজ্ঞ আদালত কর্তৃক অভিযোগপত্র গৃহিত হওয়ার তারিখ) উল্লেখপূর্বক সার্টিফাইডকপিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

জেলা প্রশাসক
মৌলভীবাজার।

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)